

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মহাপরিচালকের কার্যালয়  
স্বাস্থ্য অধিদপ্তর  
মহাখালী, ঢাকা।

স্মারক নং- স্বাঃঅধিঃ/করোনা/২০২০-৩৪

০৩ বৈশাখ ১৪২৭  
১৬ এপ্রিল ২০২০

## ঘোষণা

যেহেতু, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তরের নিকট প্রতীয়মান হয়েছে যে, বিশ্বব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) মহামারী আকারে বিস্তার লাভ করায় লক্ষ লক্ষ লোক আক্রান্ত হয়েছে ও লক্ষাধিক লোক মৃত্যুবরণ করেছে এবং বাংলাদেশের বিভিন্ন এলাকায় এই ভাইরাসের সংক্রমণ ঘটেছে। হাঁচি, কাশি ও পরস্পর মেলামেশার কারণে এ রোগের বিস্তার ঘটে। এখন পর্যন্ত বিশ্বে এ রোগের কোন প্রতিষেধক আবিষ্কার হয়নি। বিশ্বস্বাস্থ্য সংস্থার নির্দেশনা অনুযায়ী এ রোগের একমাত্র প্রতিষেধক হলো পরস্পর হতে পরস্পরকে নিদিষ্ট দূরত্বে অবস্থান করা;

এবং

যেহেতু, জনসাধারণের একে অপরের সাথে মেলামেশা নিষিদ্ধ করা ছাড়া সংক্রমণ প্রতিরোধ করা সম্ভব নয়

এবং

যেহেতু, বাংলাদেশের বিভিন্ন এলাকায় এই রোগের সংক্রমণ ঘটেছে।

সেহেতু, সংক্রামক রোগ (প্রতিরোধ, নিয়ন্ত্রণ ও নির্মূল) আইন, ২০১৮ (২০১৮ সালের ৬১ নং আইন) এর ১১ (১) ধারার ক্ষমতাবলে সমগ্র বাংলাদেশকে সংক্রমণের ঝুঁকিপূর্ণ এলাকা ঘোষণা করা হলো।

সংক্রমিত এলাকার জনসাধারণকে নিম্নলিখিত নির্দেশাবলী কঠোরভাবে অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

(১) করোনা ভাইরাসের সংক্রমণ প্রশমনে জনগণকে অবশ্যই ঘরে অবস্থান করতে হবে। অতীব জরুরি প্রয়োজন ব্যতীত ঘরের বাইরে বের হওয়া যাবে না;

(২) এক এলাকা হতে অন্য এলাকায় চলাচল কঠোরভাবে নিয়ন্ত্রণ করা হলো;

(৩) সন্ধ্যা ৬:০০ টা হতে সকাল ৬:০০ টা পর্যন্ত কেউ ঘরের বাইরে যেতে পারবে না।

এ আদেশ অমান্যকারীর বিরুদ্ধে উপরে বর্ণিত আইনে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে।

এছাড়া স্থানীয় স্বাস্থ্য কর্তৃপক্ষ সংশ্লিষ্ট সরকারী প্রশাসন ও কর্তৃপক্ষের সহায়তা নিয়ে আইনের সংশ্লিষ্ট অন্য ধারাগুলো প্রয়োগ করার ক্ষমতা সংরক্ষণ করবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অদ্য ১৬ এপ্রিল ২০২০/০৩ বৈশাখ ১৪২৭ তারিখে আমার স্বাক্ষরমতে এ আদেশ জারি করা হলো।

আদেশক্রমে



(অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ)

মহাপরিচালক


স্বাস্থ্য অধিদপ্তর।

☎- 880-2-9899516 (O); 9843435 (O)

ই-মেইল- dg@ld.dghs.gov.bd

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। সিনিয়র সচিব/সচিব-----আবুল-----মন্ত্রণালয়/বিভাগ।
- ৪। পুলিশ মহাপরিদর্শক, বাংলাদেশ, ঢাকা।
- ৫। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ।
- ৬। প্রধান তথ্য অফিসার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। কমিশনার (সকল)-----বিভাগ।
- ৮। বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য)-----বিভাগ
- ৯। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ১০। পুলিশ।
- ১১। সিভিল সার্জন (সকল)-----জেলা।
- ১২। অফিস কপি।

  
(অধ্যাপক ডাঃ আবুল কালাম আজাদ)  
মহাপরিচালক  
স্বাস্থ্য অধিদপ্তর।

☎- 880-2-9899516 (O); 9843435 (O)

ই-মেইল- dg@ld.dghs.gov.bd